

ভূগোল

আজকের বিষয়

বায়ুমন্ডল

(প্রথম ভাগ)

১) পৃথিবী কয়টি মন্ডল নিয়ে গঠিত?

✓ তিনটি – ১) শিলামন্ডল ২) বারিমন্ডল ও ৩) বায়ুমন্ডল

২) বায়ুমন্ডল কি?

✓ পৃথিবীপৃষ্ঠের উপরের দিকে যে গ্যাসীয় আবরণ তাকে বায়ুমন্ডল বলা হয়।

৩) কিসের টানে বায়ু পৃথিবীর চারপাশে আবর্তিত হয়ে রয়েছে?

✓ মধ্যাকর্ষণ শক্তির টানে

৪) ভূ – পৃষ্ঠ থেকে বায়ুমন্ডলের গভীরতা ও উদ্ধসীমা কত?

✓ ১০০০০ কিমি

৫) বায়ুমন্ডলের উপাদান ও গঠনসমূহ ব্যাপারে লিখ?

✓ বায়ুমন্ডল বিভিন্ন ধরনের গ্যাস ও জলীয়বাষ্প নিয়ে গঠিত এর মধ্যে বিভিন্ন গ্যাসের মধ্যে নাইট্রোজেন, অক্সিজেন, কার্বন – ডাই – অক্সাইড, আর্গন ও অন্যান্য গ্যাস রয়েছে।

৬) বায়ুমন্ডলে কোন গ্যাসের পরিমাণ সর্বাধিক বেশি?

✓ নাইট্রোজেন (৭৮.০৮%)

৭) জীবনধারণকে অক্ষুণ্ন রাখতে কোন গ্যাস সর্বাধিক প্রয়োজনীয়?

✓ অক্সিজেন (২০.৯৪%)

৮) সবুজ উদ্ভিদের সালোকসংশ্লেষ প্রক্রিয়ার কোন গ্যাস অত্যন্ত প্রয়োজনীয়?

✓ কার্বন – ডাই – অক্সাইড

৯) রাসায়নিক গঠন অনুসারে বায়ুমন্ডলকে কয়টি স্তরে ভাগ করা যায় ও কি কি?

✓ দুটি স্তরে (১. হোমোস্ফিয়ার, ২. হেটেরোস্ফিয়ার)

১০) উচ্চতা ও উষ্ণতার তারতম্য অনুসারে বায়ুমন্ডলকে কয়টি স্তরে ভাগ করা যায় ও কি কি?

✓ ৬ টি (১. ট্রপোস্ফিয়ার, ২. স্ট্রাটোস্ফিয়ার, ৩.

মেসোস্ফিয়ার, ৪. আয়নোস্ফিয়ার, ৫. এক্সোস্ফিয়ার, ৬. ম্যাগনেটোস্ফিয়ার)

১১) বায়ুমন্ডলের সবচেয়ে নিচের স্তরের নাম কি?

✓ ট্রপোস্ফিয়ার

১২) ভূ – পৃষ্ঠ থেকে ট্রপোস্ফিয়ারের উচ্চতা কত?

✓ ৯ থেকে ১৬ কিমি

১৩) ট্রপোস্ফিয়ারে উচ্চতা বৃদ্ধির সাথে সাথে কত ডিগ্রী তাপমাত্রা কমতে থাকে?

✓ ৬.৫ ডিগ্রী সেলসিয়াস

১৪) ল্যাপস রেট কি?

✓ ট্রপোস্ফিয়ারে উচ্চতা বৃদ্ধির সাথে সাথে উষ্ণতা কমতে থাকে। উষ্ণতা হ্রাসের এই হারকে ল্যাপস রেট বলা হয়।

১৫) বায়ুমন্ডলের কোন স্তরে বিভিন্ন ধরনের মেঘ, গ্যাস, জলীয়বাষ্প, ধূলিকণা, ঝড়বৃষ্টি, আবহাওয়া ও জলবায়ু দেখতে পাওয়া যায়?

✓ ট্রোপোস্ফিয়ারে

১৬) ট্রোপোস্ফিয়ার অপর কি নামে পরিচিত?

✓ স্ট্রোস্ফিয়ার

১৭) বায়ুমন্ডলের দ্বিতীয় স্তরের নাম কি?

✓ স্ট্রাটোস্ফিয়ার

১৮) ট্রোপোপজ কি?

✓ বায়ুমন্ডলের ট্রপোস্ফিয়ার ও স্ট্রাটোস্ফিয়ারের
সংযোগস্থলকে বলা হয় ট্রপোপজ।

১৯) নিরক্ষরেখার উপর দিয়ে ট্রপোপজের উচ্চতা প্রায় কত?

✓ ১৮ কিমি

২০) মেরু অঞ্চল থেকে ট্রপোপজের উচ্চতা প্রায় কত?

✓ ৮ কিমি

সমাপ্ত

ধন্যবাদ

